

“পরীক্ষার্থীদের প্রতি জরুরী নির্দেশনা”

টাঙ্গাইল পলিটেকনিক ইনস্টিটিউট কেন্দ্রে আগামী ০৭/০৫/২০২৪ খ্রিঃ তারিখ থেকে অনুষ্ঠিতব্য ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্ব নিয়মিত: ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০২৩ অনুষ্ঠিত হবে। অংশগ্রহকারী সকল পরীক্ষার্থীদেরকে পরীক্ষা সংশ্লিষ্ট নিম্নবর্ণিত বিষয়ে অধিকতর যত্নশীল হওয়ার জন্য বিশেষ নির্দেশ দেয়া হল:

- ১। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষা কক্ষে প্রবেশ করা।
- ২। পরীক্ষার মূল প্রবেশপত্র (চলতি পর্বের) (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষর ও সীলকৃত) এবং মূল রেজিস্ট্রেশন কার্ড প্রদর্শন পূর্বক পরীক্ষা কক্ষে প্রবেশ করা।
- ৩। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি ও নিরাপদ শারীরিক দূরত্ব বজায় রেখে পরীক্ষায় অংশগ্রহণ করা।
- ৪। যথাযথ প্রস্তুতি গ্রহণ করে পরীক্ষায় অংশগ্রহণ করা।
- ৫। মোবাইল ফোন, যে কোন প্রকার ঘড়ি, ইলেকট্রনিক্স যন্ত্রপাতি, ক্যালকুলেটর, বই-খাতা, যে কোন প্রকার ব্যাগ বা মানিব্যাগ পরীক্ষার সাথে সংশ্লিষ্ট নয় এমন কিছু সঙ্গে নিয়ে পরীক্ষা কক্ষে প্রবেশ করা যাবে না।
- ৬। পরীক্ষা কক্ষে নিজ নিজ সরঞ্জাম (যেমন- ক্যালকুলেটর, জ্যামিতি বক্স, রুলার, ইরেজার, পেন্সিল কাটার ইত্যাদি) সাথে থাকবে এবং কোন ভাবেই অন্য পরীক্ষার্থীর সরঞ্জাম ব্যবহার করা যাবে না।
- ৭। স্ব-স্ব প্রতিষ্ঠানের নির্দিষ্ট ইউনিফর্ম (পোষাক) পরিধান করে পরীক্ষায় অংশ গ্রহণ করা।
- ৮। প্রবেশ পত্রের নির্দিষ্ট স্থানে সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি আঠা গাম দিয়ে লাগানো এবং ছবি ও প্রবেশপত্র জুড়ে স্ব-স্ব প্রতিষ্ঠানের সীল ব্যবহার করা।
- ৯। প্রতিদিন নোটিশ বোর্ড থেকে আসন ব্যবস্থা দেখে পরীক্ষা কক্ষে প্রবেশ করা।
- ১০। বোর্ড কর্তৃক প্রকাশিত পরীক্ষার রুটিন যথাযথভাবে জেনে সঠিক তারিখ ও সময়ে পরীক্ষায় অংশগ্রহণ করা।
- ১১। কোন প্রকার আপত্তিকর/অনুমোদিত কাগজপত্র সঙ্গে নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।
- ১২। পরীক্ষা কক্ষে এদিক ওদিক তাকানো এবং অপরাপর পরীক্ষার সঙ্গে কথা বলা যাবে না।
- ১৩। একই উত্তরপত্রে দুই রকম/দুই ব্যক্তির হাতের লেখা থাকবে না।
- ১৪। উত্তরপত্র দাখিল না করে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না।
- ১৫। উত্তরপত্রে বিরূপ মন্তব্য লেখাও অপরাধ বিধায় এ বিষয়ে সতর্ক থাকা।
- ১৬। পরীক্ষার্থীর প্রবেশপত্রের পিছনের পৃষ্ঠায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত পরীক্ষা সংশ্লিষ্ট সমন্বিত শৃঙ্খলাবিধি যথাযথ ভাবে মেনে চলা।

নির্দেশক্রমে

কর্তৃপক্ষ

টাঙ্গাইল পলিটেকনিক ইনস্টিটিউট

টাঙ্গাইল